# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
মানিলন্ডারিং প্রতিরোধ সেল

E-mail- dcamlco@krishibank.org.bd ;Phone: 02-47120513


প্রকা/আরএমডি-৩০/অংশ-৯/২০২১-২০২২/ ২১৬৫ তারিখ- ০২ -০১-২০২২

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
০৭। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে অঙ্গীকার।**

মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন দেশের অগ্রগতির একটি বিরাট প্রতিবন্ধক। গ্রাহকের হিসাবে লেনদেনের মাধ্যমে মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন কর্মকান্ডের ঝুঁকি রোধ করার দায়িত্ব ব্যাংকার হিসেবে আমাদের উপরই বর্তায়। মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নে বহুবিধ আধুনিক ধ্যানধারনা ও প্রযুক্তির সংমিশ্রন ঘটায় মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদেরকে AML/CFT বিষয়ে সকল সার্কুলার/সার্কুলার লেটার এর নির্দেশনা অনুসরণপূর্বক আধুনিক ব্যাংক ব্যবস্থার সাথে নিজেদের জ্ঞান চিন্তা-চেতনার সম্মিলন ঘটিয়ে সময়োচিত কার্যক্রম পরিচালনা করতে হবে। এ সংক্রান্ত অজ্ঞতায় সামান্যতম ভুল তথ্য প্রদানও কোন কোন ক্ষেত্রে ব্যাংককে BFIU কর্তৃক বড় ধরনের জরিমানার সম্মুখীন করতে পারে যা বিশ্ব পরিসরে বিকেবির ভাবমুর্তি ক্ষুন্ন করবে। সুতরাং পরিকল্পনা অনুযায়ী এএমএল আইন ও তদ্‌সূত্রে প্রদত্ত বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) নির্দেশনা যথাযথভাব বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়গুলো যথাযথ পরিপালন নিশ্চিত করতে হবে। মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন রোধে আমরা দেশ ও জাতীর কাছে অঙ্গীকারাবদ্ধ।

**১.গ্রাহকের মৌলিক তথ্যাদি সংরক্ষন সংক্রান্ত ঃ** বিএফআইইউ ,বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক মাঠপর্যায়ে গঠিত কমিটির সক্রিয় তত্বাবধানে শাখা পর্যায়ে " গ্রাহকের মৌলিক তথ্যাদি সংরক্ষন/সংশোধন বিষয়ক প্রোগাম " করার মাধ্যমে নির্দিষ্ট সময়সীমার মধ্যে ১০০% গ্রাহকের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম,পিতার নাম,মাতার নাম,ঠিকানা,জন্ম তারিখ,জাতীয় পরিচয়পত্র নং,নমিনীর নাম,মোবাইল নং) ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ/সংশোধন করার কাজটি নিশ্চিত করতে হবে।

**২.গ্রাহকের হিসাব খোলা সংক্রান্ত ঃ** মানিলন্ডারিং ও সন্ত্রাসী কাজে অর্থায়ন প্রতিরোধ এবং ব্যাংকিং খাতকে ঝুঁকিমুক্ত রাখতে গ্রাহক নির্বাচন নীতিমালা সঠিকভাবে পরিপালনসহ গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্নাংগ তথ্য সংগ্রহ/যাচাই করতে হবে। হিসাব খোলার ক্ষেত্রে অভিন্ন হিসাব খোলার ফরম, TP, KYC Profile Form সঠিকভাবে পুরণসহ লেনদেন মনিটরিং এর সুবিধার্থে ঝুঁকি অনুযায়ী গ্রাহকের শ্রেণীকরণ নিশ্চিত করতে হবে। নতুন হিসাব খোলার সময় গ্রাহক পরিচিতির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য অর্থাৎ Customer Due Diligence (CDD) / Enhance Due Diligence (EDD) গ্রহণ করতে হবে। ব্যাংক হিসাব বা ব্যবসায়িক সম্পর্কের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যার পক্ষে হিসাব পরিচালিত হয় তার তথ্য ও যাবতীয় কাগজপত্র প্রমানসহ সংগ্রহপূর্বক হিসাব খোলার ফর্ম ব্যবহার করতে হবে । কোন গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপনের সময় গ্রাহকের লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) সঠিকভাবে পূরন করা একটি অত্যন্ত গুরুত্বপূর্ন বিষয়। সে ক্ষেত্রে,ব্যাংক গ্রাহকের লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) সম্পর্কে ঘোষনা নির্ধারিত ফরমে সংগ্রহ নিশ্চিত করবে।

**৩. Sanction Screening সংক্রান্ত ঃ** UNSCRs রেজুলেনশনসহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত নিষিদ্ধ তালিকাভূক্ত নামের তালিকা সম্পর্কে শাখার কর্মকর্তাদের সুস্পষ্ট ধারনা থাকতে হবে এবং গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপন বা লেনদেন সংঘটনের সময় এ সংক্রান্ত তালিকার যাচাই করে করে নিতে হবে ।

**৪. ভাসমান গ্রাহক (Walk-in customer) সংক্রান্ত ঃ** ব্যাংকের কর্মকর্তা / কর্মচারীদের ভাসমান গ্রাহক (Walk-in customer) সম্পর্কে সুস্পষ্ট ধারনা থাকাসহ তাদের সাথে লেনদেনের ব্যাপারে যাবতীয় তথ্যাদি যথাযথভাবে সংগ্রহপূর্বক লেনদেন সম্পাদনের বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে।

**৫.Structuring সংক্রান্ত ঃ** অনেক শাখা Structuring বিষয়ে অস্পষ্ট তথ্য পেশ করে থাকে বা ব্যাংকের অনেক কর্মকর্তা/কর্মচারীদের Structuring বিষয়ে সঠিক ধারনা থাকে না যা বহিঃপর্যবেক্ষকগনের নিকট ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন করছে। এমতাবস্থায় মানি লন্ডারিং প্রতিরোধে গ্রাহক কর্তৃক CTR যোগ্য লেনদেন এড়িয়ে চলার জন্য Structuring যাতে না করা হয় সে জন্য গ্রাহকের লেনদেন সচেতনভাবে পর্যবেক্ষনসহ দিন শেষে Cash, Online Transaction, ATM থেকে লেনদেনসমূহের Statement মনিটরিং করতে হবে।

**৬. (STR/SAR) রিপোর্টকরন সংক্রান্ত ঃ** শাখায় সংঘটিত লেনদেনসমূহ এবং গ্রাহকের আচরনবিধি পর্যালোচনা করে কোন সন্দেহজনক লেনদেন/আচরন পরিলক্ষিত হয়েছে কিনা তা চিহ্নিত করতে হবে ও সন্দেহজনক লেনদেন / আচরন পরিলক্ষিত হলে পৃথকভাবে সন্দেহজনক লেনদেন/আচরন রিপোর্ট (STR/SAR) হিসেবে প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সেলে দাখিল করতে হবে।

পরবর্তী পাতা/২

৭. PEPs, IP সংক্রান্ত ঃ PEPs, IP ,আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার হিসাব খোলা ও পরিচালনায় প্রযোজ্য ক্ষেত্রে, সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুসরণের পাশাপাশি হিসাবসমূহ খোলার ক্ষেত্রে ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। হিসাব খোলার সময় গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতা মূলক ব্যবস্থা (Enhance Due Diligens-EDD) গ্রহণ করতে হবে। হিসাবসমূহ পরিচালনায় সময়ে সময়ে প্রয়োজনে হিসাব সংশ্লিষ্ট তথ্যাদি আপডেট করতে হবে।

৮. **Correspondent Banking সংক্রান্ত** ঃ বানিজ্য ভিত্তিক মানিলন্ডারিং রোধকল্পে করেসপন্ডেন্ট বা রেসপন্ডেন্ট ব্যাংকের ব্যবসায়ের প্রকৃতি এবং মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সম্পর্কে নিশ্চিত হয়ে প্রধান মানিলন্ডাংি প্রতিরোধ পরিপালন কর্মকর্তার (CAMLCO) অনুমোদন সাপেক্ষে নতুন করেস্পপন্ডেন্ট ব্যাংকিং (Correspondent Banking) সম্পর্ক স্থাপন বা বিদ্যমান সম্পর্ক নবায়ন নিশ্চিত করতে হবে।

৯. **বাণিজ্য ভিত্তিক মানিলন্ডারিং (Trade Based Money Laundering) সংক্রান্ত** ঃ বাণিজ্য ভিত্তিক মানিলন্ডারিং প্রতিরোধ ব্যবস্থা (Prevention of Trade Based Money Laundering) আরও কার্যকর করার লক্ষ্যে আমাদানী-রপ্তানী বাণিজ্যের ক্ষেত্রে ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষন প্রদান এবং সন্দেহজনক ও অস্বাভাবিক লেনদেনের বিষয়ে অধিকতর সচেতনতা গ্রহন করতে হবে।

১০. **ব্যাংক হিসাব সম্পর্কিত চাহিত তথ্যাদি সংক্রান্ত** ঃ বাংলাদেশ ব্যাংক, দুদক, জাতীয় রাজস্ব বোর্ড এবং কাষ্টমস অথোরিটির (সরকারী পাওনা আদায় সম্পর্কিত)কর্তৃক চাহিত ব্যাংক হিসাব সম্পর্কিত তথ্যাদি কাংখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, শাখাসমূহ হতে তথ্যসংগ্রহ ও প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় এবং মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়সমূহ প্রধান কার্যালয়ের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

১১. **AML/CFTসংক্রান্ত প্রশিক্ষন কর্মসূচী সংক্রান্ত** ঃ চলতি অর্থ বছরে আঞ্চলিক পর্যায়ে AML/ CFT সংক্রান্ত কার্যক্রমের উপর কর্মকর্তা/ কর্মচারীদের আরও অধিক সংখ্যক প্রশিক্ষন কর্মসূচী গ্রহণ করতে হবে। ব্যাংকিং ব্যবসাকে ঝুঁকি মুক্ত রাখার পাশাপাশি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে সক্রিয় ও কার্যকর ভূমিকা রাখার জন্য সকল শাখা ব্যবস্থাপকসহ ব্যাংকের নির্বাহীগন ,অভ্যন্তরীণ নিরীক্ষা টীমের সকল কর্মকর্তা শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা / কর্মচারীকে মানিলন্ডারিং অর্থায়ন প্রতিরোধ বিষয়ে প্রশিক্ষণ গ্রহন করতে হবে।

১২. **AML/CFT বিষয়ক কার্যক্রমের রেটিং সংক্রান্ত** ঃ অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ের প্রদত্ত দিক-নির্দেশনাসহ উপরোক্ত বিষয়াদি পরিপালন/বাস্তবায়ন নিশ্চিত করে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে আরও সক্রিয় ও কার্যকর ভূমিকা রেখে অত্র ব্যাংকের AML/CFT বিষয়ক কার্যক্রমের রেটিং সন্তোষজনক পর্যায়ে উন্নিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনে সচেষ্ট হতে হবে।

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমের অন্যতম উদ্দেশ্য হলো প্রতিষ্ঠান যাতে এ ধরনের ঝুঁকি হতে মুক্ত থাকে তা নিশ্চিত করা। বাংলাদেশ কৃষি ব্যাংকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা আরও কার্যকর ও বেগবান করার প্রত্যয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU), বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ের প্রদত্ত নির্দেশনাসমূহ পরিপালন/বাস্তবায়ন নিশ্চিত করে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে আরও সক্রিয় ও কার্যকর ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

২০২২ সালে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন রোধে আমরা সকলে বদ্ধপরিকর, এ হোক আমাদের অঙ্গীকার।

আপনার বিশ্বস্ত,

( মোঃ ইসমাইল হোসেন )
ব্যবস্থাপনা পরিচালক

প্রকা/আরএমডি-৩০/অংশ-৯/২০২১-২০২২/২১৬৫

তারিখ-০২-০১-২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেম বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা,পত্রটি বিকেবির ওয়েবসাইটে আপলোড করার জন্য।
০৬। নথি/মহানথি।

( মোঃ আকতার হোসেন )
উপ-মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)